দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# অধ্যাপক রেজাউল হত্যায় জড়িত সন্দেহে রাবি শিক্ষার্থী গ্রেফতার

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজির অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী মুকুল হত্যার সঙ্গে জড়িত সন্দেহে একই বিভাগের শিক্ষার্থী মোন্তাসির আলম মেহেদী ওরফে অনিন্দ্যকে গ্রেফতার করেছে পুলিশ। গত শনিবার রাতে রাজশাহী মহানগর পুলিশ তাকে অভিযান চালিয়ে গ্রেফতার করে। অনিন্দ্য রাবির ইংরেজি বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী ও নগরীর কাদিরগঞ্জ এলাকার বিএনপি নেতা মাহফুজুর রহমান ওরফে লাটকু লোটনের ছেলে।

রাজশাহী মহানগর পুলিশের মুখপাত্র ইফতে খায়ের আলম জানান, গ্রেফতারকৃত অনিন্দ্যকে ১০ দিনের পুলিশ রিমান্ড চেয়ে গতকাল রবিবার বিকালে চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে পাঠানো হয়েছে। গতকাল আদালত বন্ধ থাকায় শুনানি হয়নি। আদালত রিমান্ড মঞ্জুর করলে তাকে জিজ্ঞাসাবাদ করা হবে।

এদিকে রাবির একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, অনিন্দ্য জঙ্গি কর্মকাণ্ডের সঙ্গে নিজেকে যুক্ত করেছেন। তিনি সম্প্রতি দাড়ি রেখেছেন। তার জঙ্গি সম্পৃক্ততার কথা পুলিশ বিশ্ববিদ্যালয় প্রশাসনকেও জানিয়েছে। তার একাধিক ছবিও পুলিশ বিশ্ববিদ্যালয় প্রশাসনকে দিয়েছে।